# গণ বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদের নবনির্বাচিতদের শপথ ৯ অক্টোবর




সংগৃহীত ছবি

২৫ সেপ্টেম্বর অনুষ্ঠিত গণ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (গকসু) নির্বাচনের বিজয়ীরা আগামী ৯ অক্টোবর শপথ নেবেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আবুল হোসেনের সভাপতিত্বে একাডেমিক ভবনে অনুষ্ঠিত হবে এ অনুষ্ঠান।

দীর্ঘ সাত বছর পর গণ বিশ্ববিদ্যালয়ে (গবি) অনুষ্ঠিত ছাত্র সংসদ নির্বাচনের নবনির্বাচিত প্রতিনিধিদের শপথ গ্রহণ অনুষ্ঠিত হবে আগামী বৃহস্পতিবার (৯ অক্টোবর)। মঙ্গলবার (৭ অক্টোবর) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. ওহিদুজ্জামান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তি অনুযায়ী, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আবুল হোসেনের সভাপতিত্বে শপথ গ্রহণ অনুষ্ঠানটি অনুষ্ঠিত হবে একাডেমিক ভবনের এ-ব্লকের ৪১৭ নম্বর কক্ষে, বেলা আড়াইটায়। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বিশ্ববিদ্যালয়ের সব অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, শিক্ষক এবং নবনির্বাচিত সংসদ সদস্যরা।

গত ২৫ সেপ্টেম্বর গণ বিশ্ববিদ্যালয়ে সাত বছর পর অনুষ্ঠিত হয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (গকসু) নির্বাচন। এতে সহ-সভাপতি (ভিপি) নির্বাচিত হন ইয়াসিন আল মৃদুল এবং সাধারণ সম্পাদক (জিএস) মো. রায়হান খান। নির্বাচনে ১১টি পদের বিপরীতে প্রতিদ্বন্দ্বিতা করেন ৫৭ জন প্রার্থী। মোট ভোটার সংখ্যা ছিল ৪ হাজার ৭৬১ জন।

উল্লেখ্য, গণ বিশ্ববিদ্যালয় দেশের একমাত্র বেসরকারি বিশ্ববিদ্যালয় যেখানে ছাত্র সংসদ চালু রয়েছে। প্রথম গকসু নির্বাচন হয় ২০১৩ সালে এবং সর্বশেষ ২০১৮ সালে। তবে প্রশাসনিক জটিলতার কারণে ২০১৮ সালের সংসদ পুরো মেয়াদে কাজ করতে পারেনি। পরবর্তীতে ২০২০ সালের ডিসেম্বরে ওই সংসদ বিলুপ্ত ঘোষণা করা হয়। দীর্ঘ বিরতির পর এবার অনুষ্ঠিত হলো গকসুর চতুর্থ কার্যনির্বাহী সংসদ নির্বাচন।